# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের বর্তমান কার্যনির্বাহী কমিটির ২য় সভা ২১ অক্টোবর ২০২৫ ইং তারিখ ১৯৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের সিনিয়ার ভাইস প্রেসিডেন্ট এবং ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| গ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| ঘ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| ঙ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| চ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| ছ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| জ। | মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ (অবঃ) | - মেম্বার মেডিকেল |
| ঝ। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঐ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ঢ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ণ। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবঃ) | - সদস্য |
| থ। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

<table>
<tr><th>আলোচ্যসূচি ও সিদ্ধান্ত</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td><u>আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত</u><br><br>বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ) এর সফল অপারেশন, চিকিৎসা এবং দ্রুত আরোগ্য কামনায় মহান আল্লাহর দরবারে দোয়া করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে নিম্নে উল্লেখিত এবং যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্বরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন।<br><br>• ভাইস এ্যাডমিরাল সরোয়ার জাহান নিজাম, এনডিইউ, পিএসসি : মৃত্যু ঃ ১০ অক্টোব ২০২৫<br>• এয়ার কমোডর এম মনজুর আলম, এডব্লিইউ, পিএসসি : মৃত্যু ঃ ১১ অক্টোবর ২০২৫<br>• মিসেস মুনিরা নিজাম, স্বামী : মরহুম ভাইস এ্যাডমিরাল সরোয়ার জাহান নিজাম, এনডিইউ, পিএসসি : মৃত্যু ঃ ২০ অক্টোবর ২০২৫</td><td>সেক্রেটারী</td></tr>
</table>

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য ঃ</u>**<br><br>উদ্বোধনী ভাষনে ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ২য় সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় শুভেচ্ছা জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ) এর সফল অপারেশন, চিকিৎসা এবং দ্রুত আরোগ্য কামনায় মহান আল্লাহর দরবারে দোয়া কামনা করেন। তিনি বলেন যে, বর্তমান কমিটি প্রায় ১ মাসের উপরে দায়িত্ব পালন করেছেন, উক্ত সময়ে অনেক গুরুত্বপূর্ণ কাজ হয়েছে এ জন্য সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন কমিটির প্রথম অঙ্গিকার ডিওএইচএস নিরাপদ রাখা এবং ২য় অঙ্গিকার ডিওএইচএস কে পরিস্কার পরিছন্ন রাখা। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন এবং সেক্রেটারীকে সভার আলোচ্যসূচি কার্যক্রম গ্রহন করার জন্য অনুরোধ জানান। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ১ম ইসি সভার কার্যবিবরণী অনুমোদন।</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) ১ম ইসি সভার আলোচিত বিভিন্ন আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং গুরুত্বপূর্ণ পয়েন্টসমূহের গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। কিছু কিছু সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যাপারে সংশ্লিষ্ট সদস্যদের আশু ব্যবস্থা গ্রহনের জন্য ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট তাগিদ দেন। পরবর্তীতে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং আলোচনা শেষে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অবঃ), মেম্বার সিকিউরিটি প্রস্তাব করেন এবং কর্নেল প্রফেসর ড. মোঃ মোশাররফ হোসেন (অবঃ), জয়েন্ট সেক্রেটারী ইসি সদস্য সমর্থন করেন। কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক সেপ্টেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের অনুমোদন</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এসএমএ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) সেপ্টেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের বিষয়টি ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সকল উপস্থিত ইসি সদস্যগণ আর্থিক খরচ সঠিকভাবে পরিচালিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। উক্ত আর্থিক খরচের অনুমোদনের জন্য কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন এম ওমর ফরুক, জি, পিএসসি, বিএন (অবঃ) সদস্য ইসি সমর্থন করেন। সেপ্টেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচ অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৫ ঃ সেনাসদর, কিউএমজির শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর ঢাকা সেনানিবাস পত্র নং- ২৩.০১.৯০১.০৪৪.০২.৭১০৭.১০.২৫/ট্রেড লাইসেন্স তারিখ ০৭ অক্টোবর ২০২৫ মাধ্যমে AIRBNB বা অনুরুপ সাময়িক বাসস্থান সেবা প্রদান সংক্রান্ত অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার ব্যবসা পরিচালনা বন্ধ করা এবং অনুমোদিত হোস্টেল বা মেস ও বিভিন্ন মনোহরি দোকান অপসারণকল্পে প্রস্তাবনা নিয়ে আলোচনা।</u>**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** বিস্তারিত আলোচনা শেষে, সকল ইসি সদস্যগণ বিষয়োক্ত প্রস্তাবনা ও সুপারিশসমূহের সাথে একমত পোষন করেন। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৬ ঃ মসজিদের উত্তর দিকের Hard Stading এ নামাজীদের সব সিজনে ব্যবহার উপযোগী মেকানিক্যাল তেরপাল স্থাপন প্রসংগে।</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ), প্রস্তাব করেন যে, বছরের বিভিন্ন সিজনে মুসুল্লিদের উক্ত স্থানে নামাজ আদায় করতে অসুবিধার কথা বিবেচনা করার জন্য সুপারিশ করেন।<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** বিস্তারিত আলোচনা শেষে বিষয়োক্ত ব্যাপারে প্রয়োজনীয় সম্ভবতা যাচাই করে ডেভেলমেন্ট সাব-কমিটি ব্যবস্থা গ্রহন করবেন। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন সকল ধরনের সহযোগিতা প্রদান করবেন। | ডেভেলমেন্ট সাব-কমিটি ও মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৭ ঃ ১ নং রোডে extreme পশ্চিম দিকে মটর সাইকেল পার্কিং এর জন্য Hard Stading তৈরী করণ এবং বড় কড়াই গাছ এর চারদিকে পাঁকা করে দৃষ্টি নন্দন করা যেতে পারে।**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ), সভায় উপস্থাপন করেন যে, ডিওএইচএস এর ১ নং রোডে extreme পশ্চিম দিকে মটর সাইকেল পার্কিং এর জন্য Hard Stading তৈরী করার জন্য এবং বড় কড়াই গাছ এর চারদিকে পাঁকা করে দৃষ্টি নন্দন করার জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে বিষয়োক্ত ব্যাপারে প্রয়োজনীয় সম্ভবতা যাচাই করে ডেভেলমেন্ট সাব-কমিটি ব্যবস্থা গ্রহন করবেন। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন সকল প্রকার সহযোগিতা প্রদান করবেন। | ডেভেলমেন্ট সাব-কমিটি ও মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ০৮ ঃ বারিধারা ডিওএইচএস লেডিস ক্লাব এর নির্বাচন উপলক্ষ্যে কমিশন গঠন এবং নির্বাচনের তারিখ ও সময় নির্ধারন নিয়ে আলোচনা।**<br><br>বারিধারা ডিওএইচএস লেডিস ক্লাব এর নির্বাচন লেডিস ক্লাবের নীতিমালা অনুযায়ী পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচনের পর উক্ত কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। যেহেতু পরিষদ নির্বাহী কমিটি গত ৩১ আগষ্ট ২০২৫ দায়িত্বভার গ্রহন করেছেন। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে লেডিস ক্লাবের নির্বাচন করার জন্য সকল সদস্য এতমত প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা করে লেডিস ক্লাবের আসন্ন নির্বাচন সুষ্ঠু, সুন্দর ও উপভোগ্য করার নিমিত্তে সর্ব-সম্মতিক্রমে নিম্নেবর্ণিত নির্বাচন কমিশন গঠন করা হলো ঃ<br><br>ক। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) - প্রধান নির্বাচন কমিশনার<br>খ। এয়ার কমোডর এসএমজি ইয়াজদানী, বিইউপি, পিএসসি, পিএইচডি (অবঃ) - নির্বাচন কমিশনার<br>গ। মেজর জাফরউল্লাহ খান (অবঃ) - নির্বাচন কমিশনার<br>গ। মিসেস সাবরিনা মফিজ - নির্বাচন কমিশনার<br><br>**কার্যপরিধি ঃ** যথাশ্রীঘ নির্বাচনের তারিখ ও সময় নির্ধারন পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ জানানো হয়। এ ব্যাপারে পরিষদ সেক্রেটারীয়েট শাখা হতে সকল ধরনের সহযোগিতা করা হবে। | সেক্রেটারী ও সংশ্লিষ্ট কমিটি |
| **আলোচ্যসূচি- ১০ ১জন অতিরিক্ত ইলেকট্রিশিয়ান নিয়োগ নিয়ে আলোচনা।**<br>ক্যাপ্টেম এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) মেম্বার এ্যাডমিন সভায় জানান যে, পরিষদের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় বর্তমান ২ জন ইলেকট্রিশিয়ান দিয়ে কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য হয়ে পড়ছে, বিধায় আরও ১ জন ইলেকট্রিশিয়ান নিয়োগ দেয়ার জন্য সুপারিশ করা হলো।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বর্তমানে পরিষদের কাজের পরিধি বৃদ্ধি বিবেচনা করে জনবল কাঠামো সংশোধন পূর্বক দ্রুত সম্ভব ১ জন অভিজ্ঞ ইলেকট্রিশিয়ান নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ১১ ললিতকলা একাডেমীর নৃত্য ক্লাসের জন্য ফ্লোর ম্যাট ক্রয় নিয়ে আলোচনা।</u>**<br><br>পুরাতন ম্যাটটি দীর্ঘ কয়েক বছর ব্যবহার করায় উক্ত ম্যাটটি ছিঁড়ে যাওয়ায় বর্তমানে উহা ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে বিধায় জরুরী ভিত্তিতে ৪৯০ স্কয়ার ফিট ফ্লোর ম্যাট ক্রয়ের প্রস্তাব করেন। ৪৯০ প্রতি স্কয়ার ফিট ফ্লোর ম্যাট ৮৫/- ভাড়াসহ = ৪১,৬৫০ + ১৫০০/- = ৪৩,১৫০/- টাকা। এ ছাড়াও ললিতকলা একাডেমীর আয়ের থেকে ব্যয় বেশী এবং অত্র ডিওএইচএস এর ছাত্র/ছাত্রীর সংখ্যা তুলনামূলক অনেক কম বিধায় অনেক সদস্যগণ বন্ধ করার ব্যাপারে মতামত প্রদান করেন।<br><br>**<u>সিদ্ধান্ত</u>** ঃ বিষদ আলোচনা শেষে, ললিতকলা একাডেমীর নৃত্য ক্লাসের জন্য ফ্লোর ম্যাট ক্রয় ইসি কর্তৃক অনুমোদিত হয়নি। কনভেনার, মিসেস সাবরিনা মফিজ ওমরা হজ্জ্ব থেকে ফেরৎ আসা পর্যন্ত অপেক্ষা করা হবে। বিস্তারিত আলোচনা করে পরবর্তী ইসি সভায় সিদ্ধান্ত নেওয়া হবে। | কনভেনার, ললিতকলা একাডেমী |
| **<u>আলোচ্যসূচি- ১২ ঃ Discussion on points raised by Col Muhammad Wali Ullah (Retd) :</u>**<br><br>ক। **যে কোন নতুন প্রজেক্ট/প্রতিষ্ঠান ভবিষ্যতে নেয়ার আগে উক্ত প্রজেক্ট self-generating হবে কি না তা দেখতে। পরিষদ শুধু প্রাথমিকভাবে তা চালু করতে সহায়তা করতে পারে। পরবর্তীতে Recurring expense নিজ আয় হতে বহন করতে হবে।**<br><br>**মন্তব্য :** বর্তমানে কিছু শাখা যেমন: ফিটনেস সেন্টার, ললিতকলা একাডেমীর পেছনে অত্র পরিষদের তহবিল হতে অনেক টাকা খরচ করা হয়। বর্তমানে উক্ত প্রজেক্ট এর অতিরিক্ত দেনা রয়ে গেছে। এ বিষয়ে সমন্বয় সাধনের প্রক্রিয়ার জন্য আলোচনা করা যেতে পারে।<br><br>**<u>সিদ্ধান্ত</u>** ঃ বিস্তারিত আলোচনা শেষে, উক্ত প্রস্তাবনা সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। এ ব্যাপারে সাব-কমিটির কনভেনারদ্বয় আয় বৃদ্ধির ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন এবং উক্ত খাতে আয়বৃদ্ধি পেলে পর্যায়ক্রমে দেনা পরিশোধের ব্যবস্থা গ্রহন করবেন।<br><br>২। **বারিধারা ডিওএইচএস এলাকায় বাড়ী ভাড়া ক্ষেত্রে Deed of Agreement, পরিষদের প্রদত্ত নমুনা অনুযায়ী একই Standard এ করার প্রস্তাব এ মর্মে সকলকে পুনরায় অবহিত করা যেতে পারে। এডিআর এর অনেক সমস্যা ঠিকমত Agreement না করার জন্য সৃষ্টি হচ্ছে।**<br><br>**<u>সিদ্ধান্ত</u>** ঃ পরিলক্ষিত হচ্ছে যে, বাড়ীর/ফ্ল্যাটের মালিক ও ভাড়াটিয়ার মধ্যকার সমস্যাগুলির বেশীর ভাগ সৃষ্টি হয় শুধুমাত্র সঠিকভাবে চুক্তি সম্পাদন না করার অর্থাৎ শর্তগুলি ঠিকভাবে উল্লেখ না করার কারণে। এ প্রেক্ষিতে নিম্নের শর্তগুলি সংযুক্ত করা প্রয়োজন। যেমন-<br><br>১। সেনাসদরের নির্দেশনা অনুযায়ী বাড়ীর ছাদের মালিকানা যথারীতি মূল ইজারা গ্রহীতার/ওয়ারিশগনের থাকবে। তবে বাড়ীতে অবস্থানরত সকল ফ্ল্যাটক্রেতা/ভাড়াটিয়াগনের ছাদ ব্যবহারের সুযোগ পাবেন। বিশেষ করে মুক্ত হাওয়া ও কাপড় শুকানোর জন্য সকলে ছাদ ব্যবহার করতে পারবেন।<br><br>২। গাড়ী পার্কিং ও লিফট ব্যবহারের অধিকার।<br><br>৩। ২ মাসের ভাড়া বকেয়া হওয়ার সঙ্গে সঙ্গে নোটিশ প্রদান করে ফ্ল্যাট খালি করার উদ্যোগ গ্রহণ করা। চুক্তির সময় অবশ্যই ২ মাসের নিরাপত্তা জামানত রাখা।<br><br>৪। ভাড়াটিয়ার নিকট ফ্ল্যাট হস্তান্তরের সময় রং করা সহ সবকিছু ঠিক করে দেয়া। চুক্তি শেষে ভাড়াটিয়া চলে যাওয়ার সময় যেভাবে সবকিছু পূর্বের ন্যায় অর্থাৎ হস্তান্তরের সময় যেভাবে দেয়া হয়েছে সেভাবে ফ্ল্যাট মালিককে বুঝিয়ে দিতে বাধ্য থাকবে। ক্ষয়ক্ষতি হিসেবে ফ্ল্যাট মালিক যেই ব্রান্ডের/কোম্পানীর মালামাল লাগিয়েছেন সেই ব্রান্ডের/কোম্পানীর মালামাল লাগিয়ে | কনভেনার, ফিটনেস সেন্টার, কনভেনার, ললিতকলা একাডেমী এবং ট্রেজারার<br><br>কনভেনার, এডিআর সাব-কমিটি ও সেক্রেটারী |

| | |
|---|---|
| দিবেন অথবা মূল্য পরিশোধ করবেন। চুক্তি শেষ হওয়ার আগে যদি ভাড়াটিয়া চলে যেতে চান তবে তিনি ফ্ল্যাটে রং করণের টাকা পরিশোধ করবেন। তবে চুক্তি পূর্ণ করে গেলে রং করণের টাকা দিতে হবে না।<br><br>৫। ২০০১ এর শালিসী আইন অনুসারে সকলে পরিষদ এডিআর কমিটির সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে। অত্র ডিওএইচএস এর জন্য এডিআর কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গন্য হবে। এ ব্যাপারে কোন পক্ষ কোর্টের দ্বারস্থ হতে পারবেন না এবং হলেও তা কোর্টের নিকট গ্রহণযোগ্য হবে না।<br><br>• **এডিআর কমিটির কনভেনার উপরোক্ত শর্তসমূহ সংযোজন পূর্বক একটি নমুনা Deed of Agreement তৈরী করবেন যা আগামী ইসি সভায় অনুমোদন নেয়া হবে। অনুমোদন সাপেক্ষে উক্ত Deed of Agreement অনুযায়ী সকল প্লট/ফ্ল্যাট মালিকদের চুক্তি সম্পাদনের আহবান জানানো হবে।**<br><br>৩। **এক ভাড়াটিয়া একাধিকবার ভাড়া প্রদানে ব্যর্থ (Defaulter) হয়ে উৎখাত হবার পর কালো তালিকাভূক্ত করত: পুনরায় অত্র ডিওএইচএস এর অন্য কোন বাসায় যেন ভাড়া নিতে পারে সে বিষয় আলোচনা/ব্যবস্থা নেয়া যেতে পারে।**<br><br>**সিদ্ধান্তঃ** পরিলক্ষিত হয় যে, কিছু **Defaulter** ভাড়াটিয়া এক বাড়ীর ভাড়া ও অন্যান্য পাওনাদি বকেয়া রেখে অন্য বাড়ীতে ভাড়া নেয় এবং উক্ত টাকা আত্মসাৎ করার লক্ষ্যে ঠিকানা গোপন করে। ব্যাংক একাউন্টে টাকা না থাকা সত্ত্বেও চেক প্রদান করে বিভিন্নভাবে হয়রানি করে। ডিওএইচএস পরিষদের সিদ্ধান্তকে অমান্য করে ডিওএইচএস এর ভিতরেই বসবাস করে। বিষয়টি আলোচনান্তে এ ধরণের ভাড়াটিয়ার ব্যাপারে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা নেয়ার এবং অত্র ডিওএইচএস এ অবাঞ্চিত ঘোষণা করে যাতে অন্য কোন বাসা ভাড়া নিতে না পারে এসএমএস/পত্রের মাধ্যমে তা সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। একই সংঙ্গে বাংলাদেশের অন্যান্য ডিওএইচএস পরিষদকেও ভাড়া না দেয়ার জন্য নিরুৎসাহিত করা হবে। | কনভেনার, এডিআর সাব-কমিটি ও সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১৩ ঃ Discussion on points raised by Capt M Omar Faruque (G) psc, BN, EC Member :**<br><br>**ক। পরিবেশ দূষন বন্ধ করনঃ** বারিধারা ডিওএইচএস এলাকায় শব্দ দূষন প্রতিরোধ কল্পে মাইকিং করা হচ্ছে। এতে গাড়ীর হর্ন দেওয়া অনেকাংশে কমেছে। পরিবেশ দূষন কল্পে ধুমপান নিষেধের জন্য এই ভাবে মাইকিং ও সিকিউরিটি গার্ড দ্বারা ব্যবস্থা নিলে প্রকাশ্যে ধুমপান কমে যাবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, পরিবেশ দূষন রোধকল্পে ধুমপান নিষেধের জন্য নির্দেশনা বোর্ড লাগানোর সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। | মেম্বার সিকিউরিটি |
| **খ। ফিজিওথেরাপী সেন্টার বৃদ্ধি করনঃ** ডেভেলাপমেন্ট সাব কমিটি মিটিং এর পর ফিজিওথেরাপী সেন্টারের এলাকা বৃদ্ধির জন্য প্রস্তাবনা প্রদান করা হয়েছে। এ ব্যাপারে গত ২৭/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত ইসি মিটিং এ কোন আলোচনা হয় নি। ফিজিওথেরাপী সেন্টারে এখন অনেক রোগী যায় এবং আয়ও ভালো হচ্ছে। থাই গ্লাস ও মেডিকেল সেন্টারের প্রবেশ দ্বার টি কয়েক ফিট পশ্চিমে সিফট করলে থেরাপীর জন্য আরও একটি বেড ও কিছু সরঞ্জাম স্থাপন করলে ফিজিও থেরাপী সেন্টারের আয়তন বৃদ্ধির সাথে সাথে সেবার মানও বৃদ্ধি করা যাবে।<br><br>**সিদ্ধান্তঃ** এ ব্যাপারে ইতোমধ্যে যথাযথ কর্তৃপক্ষকে পরিষদ হতে পত্র প্রেরণ করা হয়েছে। ফিজিওথেরাপী সেন্টারের মহিলা ও পুরুষ আলাদা আলাদা সময় নির্ধারন করা যা কিনা এবং সময় বৃদ্ধির ব্যাপারে স্ট্যাডি করে আগামী ইসি সভায় উপস্থাপন করবেন। | মেম্বার মেডিকেল |

| | |
|---|---|
| গ। **<u>পার্কিং এর জন্য রোড মার্কিং ঃ</u>** বিভিন্ন ধরনের যানবাহন যত্রতত্র রাস্তার পার্শ্বে পাকিং করে রাখে। পার্কিং এর জন্য রাস্তার পার্শ্বে মার্কিং করে এবং নিরাপত্তা প্রহরী দ্বারা পার্কিং নিয়ন্ত্রন করলে, এই এলাকার রাস্তার শৃংখলা ঠিক থাকবে। ট্রাফিক নিয়ম অনুযায়ী সাদা রং দিয়ে লাইন করা যেতে পারে। এই পার্কিং মার্ক করার কাজটি রোড নং- ১৩(পূর্ব পার্শ্ব) এর জন্য জরুরী।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে উক্ত রোডে হলুদ মার্কিং করার সিদ্ধান্ত গৃহিত হয়। তবে রোড ১৩ এর পশ্চিম ও পূর্ব পার্শ্বে এলাকায় কোন পার্কিং করা যাবেনা। | মেম্বার এ্যাডমিন |
| **<u>আলোচ্যসূচি- ১৪ ঃ</u>** Any Other Business. | |
| ক। বারিধারা ডিওএইচএস পরিষদের গত বার্ষিক সাধারণ সভায় গঠিত অডিট কমিটির সভাপতি ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ মজিবুর রহমান, বিবি (অবঃ) তার ব্যক্তিগত কারনে অডিট কার্যক্রমে মোবাইলে ফোনে ১৯ অক্টোবর ২০২৫ তারিখ সেক্রেটারীকে অপারগতার কথা প্রকাশ করেন। এমতাবস্থায়, অডিট কমিটির জন্য অভিজ্ঞ নতুন একজন সভাপতি মনোনীত করা প্রয়োজন।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, জানুয়ারী ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত সময়ের জন্য দক্ষ ও অভিজ্ঞ হিসাবে কর্ণেল জয়নুল আবেদীন (অবঃ), বাড়ী # ৪৮৭, রোড # ০৮, বারিধারা ডিওএইচএস অডিট কমিটির সভাপতি নিয়োগ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও টেজারার |
| খ। বার্ষিক ক্যালেন্ডার ও ইভেন্ট অনুযায়ী ১৮ অক্টোবর ২০২৫ তারিখে ষ্টাফ ফ্যামিলি " গেট টুগেদার" উদযাপন করার কথা থাকলেও বিভিন্ন কারনে করা হয়নি। এমতাবস্থায়, নতুন তারিখ নির্ধারন করা প্রয়োজন।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদ সভাপতি কর্ণেল এম আব্দুল হাই (অবঃ) সুস্থ্য হয়ে ফিরে আসার পর তারিখ ও সময় নির্ধারণ করার সিদ্ধান্ত দেওয়া হয়। | সেক্রেটারী ও ট্রেজারার |
| গ। বারিধারা ডিওএইচএস এলাকায় যে কোন স্থানে পরিষদ কর্তৃক একটি স্টেশনারী দোকান স্থাপন করে ভাড়া দেয়া প্রসংগে। তাহলে বারিধারা ডিওএইচএস এর বাসিন্দাগণ উপকৃত হবে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** আলোচনা শেষে প্রস্তাবটি অনুমোদন দেয়া হয়নি। | সেক্রেটারী |
| ঘ। বারিধারা ডিওএইচএ জামে মসজিদ এর পূর্ব কোনে এবং সিএসডির পার্শ্বে বর্ষামৌসুমে পানি জমে থাকে ফলে সম্মানিত মুসুল্লিগণের যাতায়তে কষ্ট হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন বর্ষামৌশুম আসার পূর্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। | মেম্বার এ্যাডমিন |
| ঙ। গ্রুপ ক্যাপ্টেন এসএমএ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) সভায় উপস্থাপন করেন যে, পরিষদের এ্যাম্বুলেন্স এর রেজিষ্ট্রেশন করার জন্য ইনকাম ট্যাক্স প্রদান করতে হবে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, এ ব্যাপারে সদস্যগণ বিশেষ প্রচেষ্ঠায় মাধমে গাড়ী রেজিষ্ট্রেশন এর কাজটি সম্পন্ন করবেন। | সকল ইসি সদস্য |

| | |
|---|---|
| চ। লেঃ কর্ণেল আব্দুন নুর খান (অবঃ) সভায় উপস্থাপন করেন যে, ৮টি গ্যাস সিলিন্ডার তার বাড়ীর পাশে সিএসডি রান্না করার জন্য স্থাপন করেছেন যা এর আশে পাশে বাড়ী নিরাপত্তার জন্য হুমকি এবং বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এ ব্যাপারে পরিষদ হতে এর কোন নিরাপত্তা ও দূর্ঘটনার ঝুকি আছে কিনা নিরিক্ষা করার জন্য সিএসডি'কে অবগতি পূর্বক ক্যান্টনমেন্ট ফায়ার ষ্টেশনে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | <br><br>মেম্বার এ্যাডমিন |
| ছ। বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টারে সদস্য সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ও সম্মানিত বাসিন্দাদের চাহিদার কথা বিবেচনা করে ফিটনেস সেন্টারটি ২য় তলায় উন্নতি করার জন্য সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে ডেভেলমেন্ট সাব-কমিটি সম্ভবতা যাচাই করে ব্যবস্থা গ্রহন করবেন। | ডেভেলমেন্ট সাব-কমিটি |
| জ। বারিধারা ডিওএইচএস পরিষদের বিভিন্ন তথ্য সম্মানিত বাসিন্দাদের অবগতির জন্য ৩টি গেইটে ৩টি নোটিশ বোর্ড তৈরীর সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে ফিজিবিলিটি স্ট্যাডি এবং খরচের চাহিদাসহ ডেভেলমেন্ট সাব-কমিটি ব্যবস্থা গ্রহন করবেন। | ডেভেলমেন্ট সাব-কমিটি |
| ঝ। গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) সভায় উপস্থাপন যে, বারিধারা ডিওএইচএস সকল বাড়ীর নতুন ভাবে নাম্বার প্লেট লাগানোর ব্যবস্থা জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন স্পন্সর এর মাধ্যমে ব্যবস্থা গ্রহন করবেন। | <br><br>মেম্বার এ্যাডমিন |
| ঞ। লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ), মেম্বার সিকিউরিটি ২০২৬ সালের স্টিকার প্রদানের জন্য কয়েকটি নমুনা সকলকে দেখার জন্য সভায় উপস্থাপন করেন। সংযুক্ত নমুনা সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | মেম্বার সিকিউরিটি |
| ট। ফিটনেস সেন্টারের সাপ্তাহিক বন্ধ নিয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে, আগামী নভেম্বর ২০২৫ মাস হতে ফিটনেস সেন্টারের সাপ্তাহিক ছুটি শুক্রবার পালিত হবে। এ ব্যাপারে সকল সদস্যদের নোটিশ এর মাধ্যমে অবহিত করা হবে। | কনভেনার, স্পোর্ট এন্ড ফিটনেস সেন্টার |
| ঠ। সিকিউরিটি গার্ডদের থাকার রুম অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং কিছু দিন আগে অনেক গার্ড নিয়োগ করা হয়েছে কিন্তু তাদের থাকার কোন সু-ব্যবস্থা নাই। তারা অতিকষ্ট করে অস্বাস্থ্যকর পরিবেশে বসবাস করছেন বলে ভারপ্রাপ্ত সভাপতি সভায় জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এ ব্যাপারে ফিজিবিলিটি স্ট্যাডি করে ডেভেলমেন্ট সাব-কমিটি একটি প্রস্তাব/প্রতিবেদন পরিষদে প্রেরণ করবেন। প্রতিবেদন প্রাপ্তিসাপেক্ষে সেনাসদর ও ক্যান্টনমেন্ট বোর্ড এ পত্র প্রেরণ করা হবে। তবে এখন জরুরী ভিত্তিতে সিকিউরিটি গার্ডের থাকার প্রতিটি রুমে ২টি করে Exaust Fan লাগানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | <br><br>ডেভেলমেন্ট সাব-কমিটি ও মেম্বার এ্যাডমিন |
| ড। গ্রামীণফোন কোম্পানী কর্তৃক অত্র ডিওএইচএস এলাকার বিভিন্ন স্থানে স্ট্রিট ফার্নিচার পোল স্থাপনের বিষয়ে আলোচনা।<br><br>১) স্ট্রিট ফার্নিচার পোল লম্বায় ১২ মিটার, গ্রাউন্ডে ৫ ফুট এবং উপরে ৩ ফুট চওড়া গোল আকৃতি হবে। ডিওএইচএস এলাকায় স্ট্রিট ফার্নিচার পোল স্থাপনের স্থানসমূহ নিম্নরূপঃ<br>০১) বাড়ী # ১৫৪ (পূর্ব), রোড # ১<br>০২) বাড়ী # ১৮৬ (পশ্চিম), রোড # ২<br>০৩) বাড়ী # ২১৪ (পূর্ব), রোড # ২<br>০৪) বাড়ী # ২৮১ (পশ্চিম), রোড # ৪<br>০৫) বাড়ী # ৩০৯ (পূর্ব), রোড # ৪ | |

| | |
|---|---|
| ০৬) বাড়ী # ৩৭১ (পশ্চিম), রোড # ৬<br>০৭) বাড়ী # ৪৪৪ (পূর্ব), রোড # ৭<br>০৮) বাড়ী # ৫৩১ (পশ্চিম), রোড # ১১<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বারিধারা ডিওএইচএস সংশ্লিষ্ট প্লটমালিকদের মতামত/সুপারিশ গ্রহন স্বাপেক্ষে পরবর্তী ইসি সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ঢ। পরিষদ কর্তৃক অনুমোদিত ইন্টারনেট কোম্পানীসমূহ মাসিক সাবস্ক্রিপশন বাবদ ১০,০০০.০০ টাকা করে পরিশোধ করে আসছে। তদুপরি, উক্ত কোম্পানীর সার্ভিস কাজে আসা গাড়ীর অত্র ডিওএইচএস এ প্রবেশের জন্য প্রবেশ ফি বাবদ ১০০ (একশত) টাকা করে প্রবেশ ফি প্রদানের বিষয় নিয়ে আলোচনা। | কনভেনার,<br>আইটি সাব-কমিটি |
| **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, ইন্টারনেট কোম্পানী সার্ভিস কাজে আসা গাড়ীর বারিধারা ডিওএইচএস এলাকায় প্রবেশ করলে কোন ফি নেওয়া হবেনা মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার সিকিউরিটি |
| ১৫। নির্বাহী কমিটির পরবর্তী সভা আগামী ২৯ নভেম্বর ২০২৫ (শনিবার) সন্ধ্যা ১৮৩০ ঘটিকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **আলোচ্যসূচি - ১৬ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় উপস্থিত থাকার জন্য এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ ও শুভ কামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
৩১ অক্টোবর ২০২৫

**অনুমোদনক্রমে ঃ-**

ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি (অবঃ)।
ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট
৩১ অক্টোবর ২০২৫

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা